আজকের কাগজ
তারিখ 24 JUN 1993
পৃষ্ঠা ৮ কলাম ৮

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম সময়োপযোগী করতে হলে প্রচুর বিনিয়োগ প্রয়োজন—এমাজ উদ্দিন

**কাগজ প্রতিবেদক :** ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এমাজ উদ্দিন আহমদ বলেছেন, দেশের আর্থ-সামাজিক ও রাজনৈতিক অবস্থার পরিবর্তন ছাড়া সন্ত্রাস দূর হবে না।

তিনি গতকাল সিনেট কক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটের বার্ষিক অধিবেশনে সভাপতির ভাষণ দিচ্ছিলেন। উপাচার্য বলেন, বর্তমানে সন্ত্রাস এক সহনশীল পর্যায়ে এসেছে বটে কিন্তু এখনো রয়েছে চার দিকে ভীষণ অনিশ্চয়তা। বিভিন্ন ছাত্র সংগঠনের পারস্পরিক সম্পর্ক এখনও বন্ধুত্বপূর্ণ নয়। উপাচার্য সেসনজট নিরসনে সাম্প্রতিক উদ্যোগের উল্লেখ করে বলেন, প্রথম পর্ব সম্মান ও প্রথম পর্ব মাষ্টার্স পর্যায় থেকে একাডেমিক ক্যালেন্ডার প্রবর্তন করার উদ্যোগ নিয়েছি। সুনির্দিষ্ট সময়ের মধ্যে কোর্স সমাপ্তি, নির্দিষ্ট সময়ে সকল পরীক্ষা অনুষ্ঠান, স্বল্পতম সময়ে পরীক্ষার ফল প্রকাশ করে নিয়মিত পঠন-পাঠন প্রক্রিয়াকে সমুন্নত রাখতে চাই।

উপাচার্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের আর্থিক ঘাটতির কথা উল্লেখ করে বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ে শিক্ষা কার্যক্রমকে শক্তিশালী ও সময়োপযোগী করতে হলে প্রচুর সম্পদ বিনিয়োগের প্রয়োজন রয়েছে। এ ক্ষেত্রে আমাদের দৈন্য অত্যন্ত প্রকট।

গতকাল বিকেল সাড়ে ৩টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট অধিবেশন শুরু হয়। অধিবেশনে ১০৪ জন প্রতিনিধির মধ্যে ৭২ জন উপস্থিত ছিলেন। অধিবেশনে ডাকসু'র ৫ জন সদস্য নতুন প্রতিনিধির নাম ঘোষণা করেন। এরা হলেন, নাজিম উদ্দিন আলম, নাসির উদ্দিন আহমেদ অসীম, আর এ এ মাহবুব হোসেন মানিক, আবদুল মোহাইমেন অশু ও মনির হোসেন মনির। আজ দ্বিতীয় দিনে বাজেট পেশ করা হবে।